



ISO: 9001:20
Certified

ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)

Dhaka Power Distribution Company Ltd.



বৈদ্যুতিক দুর্ঘটনা এড়াতে জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা ডিপিডিসি'র সম্মানিত গ্রাহকদের জানানো যাচ্ছে যে, সাম্প্রতিককালে অতিবৃষ্টি এবং ডিএনডি বাধের কারণে ইতোমধ্যে নারায়ণগঞ্জের ডেমরা, ফতুল্লা, পোস্তগোলা, শীতলক্ষ্যা, সিদ্ধিরগঞ্জ ও আশপাশের এলাকায় জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে। জলাবদ্ধ এলাকায় বিদ্যুৎ ব্যবস্থা স্বাভাবিক রাখার জন্য জরাজীর্ণ তার/লাইন পরীক্ষা করে সম্ভাব্য ক্ষেত্রে পরিবর্তন/মেরামত করা হয়েছে এবং বিদ্যুৎ ব্যবস্থা সচল রাখা হয়েছে। এ সকল এলাকায় বৈদ্যুতিক দুর্ঘটনা এড়ানোর জন্য মাইকিং ও সতর্কতামূলক লিফলেট বিতরণ করা হয়েছে। এছাড়াও সম্মানিত গ্রাহকদের মোবাইলে এসএমএস প্রেরণ করে সচেতন করা হয়েছে। এ জলাবদ্ধ অবস্থায় বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা নিরাপদভাবে অক্ষুণ্ণ রাখার স্বার্থে ডিপিডিসি সার্বক্ষণিকভাবে করোনাকালীন লকডাউনের সময়ও স্থানীয় প্রশাসন, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও স্থানীয় নেতৃবৃন্দের সাথে সমন্বয় করে কাজ করে যাচ্ছে। অতিবৃষ্টিকালীন ও বর্ষার সময় জলাবদ্ধতার কারণে বৈদ্যুতিক দুর্ঘটনার আশঙ্কা থাকায় নিরাপত্তার স্বার্থে নিম্নবর্ণিত বিষয়গুলো অনুসরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে :

- ❖ বৈদ্যুতিক নিরাপত্তার স্বার্থে জলাবদ্ধ এলাকায় অপ্রয়োজনে এবং বাড়-বৃষ্টির সময় আকাশে বজ্রপাতকালীন রাস্তায় চলাচল করবেন না।
- ❖ জমে থাকা পানির সাথে লাগোয়া এবং রাস্তা ঘেঁষে থাকা বৈদ্যুতিক খুঁটি, টানা/ছেঁড়া তার বা ট্রান্সফরমার খুঁটি স্পর্শ করবেন না।
- ❖ বৃষ্টি বা বর্ষার সময় আপনার বিদ্যুৎ সংযোগের সার্ভিস তার বা ওয়্যারিং নিরাপদ আছে কিনা পরীক্ষা করুন। প্রয়োজনে সংশ্লিষ্ট বিদ্যুৎ অফিসের সাথে যোগাযোগ করুন।
- ❖ বৈদ্যুতিক তারে কাপড় শুকাতে দেবেন না।
- ❖ পানির উচ্চতা বৃদ্ধি পাওয়ায় নৌযানের মাস্তুল খাল বা নদী পারাপারের সময় বৈদ্যুতিক লাইন থেকে নিরাপদ দূরত্ব বজায় রাখুন।
- ❖ জরুরি প্রয়োজনে ডিপিডিসি'র হটলাইন **১৬১১৬** নম্বরে ফোন দিন অথবা সংশ্লিষ্ট বিদ্যুৎ অফিসে যোগাযোগ করুন।

যে কোনো দুর্ঘটনায় ডিপিডিসি গ্রাহকের পাশেই আছে